



# প্রেসিডেন্সি মডেল স্কুল, ময়মনসিংহ

## নোটিশ

এতদ্বারা সম্মানিত অভিভাবক ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রেসিডেন্সি মডেল স্কুল, ময়মনসিংহ সম্পূর্ণ বেসরকারীভাবে পরিচালিত একটি প্রতিষ্ঠান। ছাত্র-ছাত্রীদের টিউশন ফি দিয়ে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের বেতন ভাতাসহ বিদ্যালয়ের সকল আর্থিক ব্যয় পরিচালিত হয়। বৈশ্বিক মহামারী করোনা ভাইরাসের কারণে গত এপ্রিল মাস থেকে স্কুল বন্ধ রয়েছে। কিন্তু প্রেসিডেন্সি মডেল স্কুল অনলাইনে পাঠদান কার্যক্রম শুরু করেছে। বিদ্যালয়ের শিক্ষকগণ সম্মানিত অভিভাবকগণের সাথে মোবাইল ফোনের মাধ্যমে ছাত্র-ছাত্রীর খোঁজ খবর নিচ্ছেন। বিদ্যালয়ের সকল শিক্ষকমণ্ডলী তাদের সর্বোচ্চ মেধা ও শ্রম দিয়ে অনলাইন পাঠদান কার্যক্রম অব্যাহত রেখেছেন। কিন্তু অত্যন্ত দুঃখের সাথে জানাচ্ছি যে, বিদ্যালয়ের অধিকার্শ শিক্ষার্থীর অভিভাবকগণ মার্চ মাস হতে মাসিক বেতন পরিশোধ করছেন না। যে কারণে বিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের বেতন বোনাস পরিশোধ করা সম্ভবপর হয়ে উঠছে না। সম্মানিত অভিভাবকগণের অনুরোধক্রমে ও আর্থিক সমস্যা বিবেচনা করে ২০২০ শিক্ষাবর্ষের ০২ (দুই) মাসের বেতন ও যাবতীয় পরীক্ষার ফি মওকুফ করা হল। মওকুফকৃত ০২ মাসের বেতন ছাড়া বকেয়াসহ (যদি থাকে) যাবতীয় পাওনাদি যথাশীল্প সম্ভব পরিশোধ করে বিদ্যালয়ের সার্বিক কর্মকাণ্ড সচল ও স্বাভাবিক রাখতে আপনাদের একান্ত সহযোগিতা কামনা করছি।

(আব্দুল্লাহ হেল শাফী)

প্রধান শিক্ষক

প্রেসিডেন্সি মডেল স্কুল, ময়মনসিংহ।

তারিখ : ১০/১০/২০ ইং